

পাবলিক এডভোকেট

জেমস লেন (James Lane) (G)

আমি একজন পেশাজীবি রাজনীতিবিদ নই। আমি নিউ ইয়র্ক সিটির একজন আজীবন অধিবাসী যে ফ্লাশিং এ জন্মগ্রহণ করে, হারলেমে বড় হয়ে, হেল'স কিচেনে পরিপক্ব লাভ করে এবং বর্তমানে পার্ক স্লোপে বসবাস করছি। আমি বিবাহিত, আমার একটা সন্তান আছে, সে সিটির সরকারী স্কুল ব্যবস্থায় শিক্ষারত। ২৩ বছর বয়সে আমি আমার পিতা ও মাতা উভয়কেই হারাই, তাদের ক্যান্সার ও ডায়াবেটিস সংক্রান্ত স্বাস্থ্যগত সমস্যা ছিল। এর কয়েকমাস পর আমি জানতে পারলাম যে আমার ২ বছর বয়সে, ওরা আমাকে দত্তক গ্রহণ করেছিল কিন্তু প্রচলিত আইনে আমার পরিবারের আদি পরিচিতি দেখার অনুমতি আমার ছিল না। সেই সময় থেকেই, সক্রিয় রাজনৈতিক সংশ্লিষ্টতায় থেকে ন্যায়বিচার ব্যবস্থা প্রতিষ্ঠিত করার জন্য আমার সংগ্রামী জীবনের আনুষ্ঠানিকভাবে শুরু, উদ্দেশ্যে হলো কারো নিজের আদি পরিচিতি জানার অধিকার ক্ষুণ্ণকারী আইনসমূহ সমাজ থেকে চিরতরে বিতাড়িত করতে হবে। বিগত ২৫ বছরের উপরে, ইউনিয়ন এবং কর্পোরেট কাজকর্মে আমি নেতৃত্ব বজায় রেখে চলেছি, এই সময়কালে সামাজিক সুবিচার বিষয়াবলীতে সহায়তা প্রদানের জন্য একজন সক্রিয় কর্মী হিসাবে আমি স্বাগতিকভাবে সেচ্ছাসেবীর ভূমিকায় অবতীর্ণ হয়ে আমার অবসর সময় কাজে লাগিয়েছি। এই সক্রিয় কর্মী হিসাবে কার্যকালীন সময়ে, আমি দেখেছি কিভাবে আমাদের সিটি গভর্নমেন্ট অধিবাসীদের দিকে পিঠ ফিরিয়ে কমিউনিটির সাথে আলাপ না করে গোপনে চুক্তি করে সাধ্যের মধ্যে কিনা যায় এরকম বাড়ী কমিয়ে,, ফায়ার হাউস, এবং আমাদের সরকারি স্কুল সমূহে তহবিল অনুদান হ্রাস করে। এটা গ্রহণযোগ্য হতে পারেনা! গ্রীন পার্টির পাবলিক এডভোকেট গ্রার্থী হিসাবে এটা আমার অঙ্গীকার যে জনগনের সতর্ক প্রহরীরূপে মেয়র এবং সিটি গভর্নমেন্ট এর উপরে সজাগ দৃষ্টি রাখবো কারণ আমি বিশ্বাস করি বড় দুই দলের বাহিরের কেউ সত্যিকার গনতন্ত্র রক্ষায় সহায়ক হয়ে উঠবে।

*প্রার্থী কর্তৃক প্রদেয় তথ্য অনুবাদ করে মুদ্রিত। ক্যাম্পেইন ফাইন্যান্স প্রোগ্রাম অংশগ্রহণ করছে না।*